

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১২, ২০১০

রাষ্ট্রপতির কার্যালয়  
আপন বিভাগ  
বঙ্গভবন, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ আষাঢ় ১৪১৭ বঙ্গাব্দ/৮ জুলাই ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭৪-আইন/২০১০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ এর গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (খ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

( ৭৩১৫ )

মূল্য : টাকা ১২.০০

- (ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;
- (চ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (ছ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” অথবা “স্বীকৃত ইনস্টিটিউট” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্যপূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে; এবং
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;
- (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

- (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে;
- (খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;
- (খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর অথবা তৃতীয় শ্রেণীর পদ হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২(দুই) বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) রাষ্ট্রপতির কার্যালয়ের আপন বিভাগের The Gazetted Officers (President's Division Personal) Recruitments Rules, 1981 এবং The Non-Gazetted Employees (Office and Garage Establishment) of the President's Secretariat, Personal Division Recruitments Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালাদ্বয়ের আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করা হইবে।

## তফসিল-১

[ বিধি ২ (খ) দ্রষ্টব্য ]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	রাষ্ট্রপতির সামরিক সচিব	--	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর মেজর জেনারেল/ সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
২।	রাষ্ট্রপতির ব্যক্তিগত চিকিৎসক	--	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর মেডিকেল কোরের কর্নেল/ ব্রিগেডিয়ার জেনারেল/ অধ্যাপক (বেসামরিক) পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
৩।	রাষ্ট্রপতির সহকারী সামরিক সচিব	--	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর লেঃ কর্নেল/ সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
৪।	উপ-সচিব	--	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
৫।	প্রধান কম্পট্রোলার	--	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর মেজর/ সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
৬।	রাষ্ট্রপতির এডিসি	--	বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীতে কর্মরত ক্যাপ্টেন/মেজর অথবা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে (৩ বাহিনীর ৩ জন) প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৭।	সামরিক সচিবের পিএস/সমন্বয় অফিসার (মেজর/সিঃসহঃসচিব/ সহঃসচিব)	--	বাংলাদেশ সেনাবাহিনীতে মেজর পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
৮।	সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব	--	সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
৯।	প্রটোকল অফিসার	--	সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
১০।	পুলিশ লিয়াজেঁ অফিসার	--	বাংলাদেশ পুলিশ বাহিনীতে কর্মরত সহকারী পুলিশ সুপার/ সিনিয়র সহকারী পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
১১।	হসপিটালিটি অফিসার	অনূর্ধ্ব ৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সহকারী প্রটোকল অফিসার/কম্পট্রোলার/ প্রশাসনিক কর্মকর্তা/ ব্যক্তিগত কর্মকর্তা পদে অন্য ৫ (পাঁচ) বছরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, তবে চিত্রকলা/প্রত্নতত্ত্ব/ সংগীতের উপর স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১২।	সহকারী প্রোগ্রামার	অনূর্ধ্ব ৩০ বৎসর।	THE COMPUTER PERSONNEL (GOVERNMENT AND LOCAL AUTHORITIES) RECRUITMENT RULES, 1985এর বিধান অনুযায়ী।	THE COMPUTER PERSONNEL (GOVERNMENT AND LOCAL AUTHORITIES) RECRUITMENT RULES, 1985এর বিধান অনুযায়ী।
১৩।	হিসাব রক্ষণ অফিসার	--	পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে হিসাব রক্ষণ কার্যে অভিজ্ঞতা সম্পন্ন সিএজি দপ্তরের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সহকারী হিসাব রক্ষক পদে অনূ্যন ১০ (দশ) বৎসরের চাকুরী।
১৪।	লেডী মেডিকেল অফিসার	--	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর আর্মি মেডিকেল কোরের মেজর বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
১৫।	মেডিকেল অফিসার	--	স্বাস্থ্য অধিদপ্তরে কর্মরত চিকিৎসক অথবা বাংলাদেশ সশস্ত্র বাহিনীর আর্মি মেডিকেল কোরের ক্যাপ্টেন/মেজর পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
১৬।	সহকারী প্রটোকল অফিসার	অনূর্ধ্ব ৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে কম্পট্রোলার পদ হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে এবং প্রেষণে নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ স্টাট-মুদ্রাক্ষরিক পদে অনূ্যন ৬ (ছয়) বৎসর অথবা অফিস সহকারী/ অফিস সহকারী কাম- মুদ্রাক্ষরিক পদে অনূ্যন ৮(আট) বৎসরের চাকুরী।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
				সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী, তবে তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
১৭।	কম্পট্রোলার	অনূর্ধ্ব ৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কেয়ারটেকার/স্টুয়ার্ড পদে অনূন ৬ (ছয়) বৎসর চাকুরী অথবা অফিস সহকারী/ অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে অনূন ৮(আট) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে, তবে ক্যাটারিং ও হোটেল ম্যানেজমেন্টে ডিপ্লোমাদারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
১৮।	প্রশাসনিক কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।
১৯।	ব্যক্তিগত কর্মকর্তা	অনূর্ধ্ব ৩০ বৎসর	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।



(১)	(২)	(৩)	(৪)	(৫)
২০।	কম্পিউটার অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	THE COMPUTER PERSONNEL (GOVERNMENT AND LOCAL AUTHORITIES) RECRUITMENT RULES, 1985 এর বিধান অনুযায়ী।	THE COMPUTER PERSONNEL (GOVERNMENT AND LOCAL AUTHORITIES) RECRUITMENT RULES, 1985 এর বিধান অনুযায়ী।
২১।	সার্জন মেডিকেল এসিস্টেন্ট		বাংলাদেশ সশস্ত্র বাহিনীর মেডিকেল কোরের সার্জন মেডিকেল এসিস্টেন্ট পদমর্যাদার সদস্যদের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	--
২২।	সহকারী হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ক্যাশিয়ার পদে অনূন্য ৩ (তিন) বৎসর অথবা অফিস সহকারী/অফিস সহকারী-কাম মুদ্রাক্ষরিক পদে অনূন্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ অনূন্য ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
২৩।	সাঁট-মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।
২৪।	ডাটা এন্ট্রি অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	THE COMPUTER PERSONNEL (GOVERNMENT AND LOCAL AUTHORITIES) RECRUITMENT RULES, 1985 এর বিধান অনুযায়ী।	THE COMPUTER PERSONNEL (GOVERNMENT AND LOCAL AUTHORITIES) RECRUITMENT RULES, 1985 এর বিধান অনুযায়ী।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৫।	ক্যাশিয়ার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : স্টোর কিপার পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসর অথবা বিল কালেক্টর পদে অন্যান্য ৮ (আট) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ অন্যান্য ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
২৬।	কেয়ার টেকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : সহকারী কেয়ার টেকার/স্টোর কিপার পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
২৭।	মার্কার(স্কোয়াশ/ টেনিস)	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : টেনিস পিকার পদে অন্যান্য ১২ (বার) বৎসরের চাকুরী, তবে স্কোয়াশ খেলায় পারদর্শী হইতে হইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
				সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে ৫ (পাঁচ) বৎসরের কর্ম অভিজ্ঞতা এবং খেলাধুলায় পারদর্শী হইতে হইবে।
২৮।	পেশ ইমাম	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম প্রথম শ্রেণীতে ফাজেলসহ কামিল অথবা দ্বিতীয় শ্রেণীর ফাজেলসহ দ্বিতীয় শ্রেণীর কামেল অথবা দাওরায়ে হাদিস পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ অবশ্যই কুরআন পাশ হইতে হইবে, তবে কুরআনে হাফেজ বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হইবে এবং বিবাহিত ও সুন্নী মুসলমান হইতে হইবে।
২৯।	ফার্মাসিস্ট	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সরকার অনুমোদিত মেডিকেল ইনস্টিটিউট হইতে ফার্মেসিতে ডিপ্লোমা সনদপ্রাপ্ত, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
৩০।	স্টুয়ার্ড	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : বাটলার পদে অনূন ৪ (চার) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ অনূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩১।	হেড কুক	অনূর্ধ্ব ৩০ বৎসর তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বৎসর পর্যন্ত বয়স শিথিলযোগ্য	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে ৪ কুক পদে অনূন ৩ (তিন) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ৪ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কোন খ্যাতনামা হোটেল/প্রতিষ্ঠানে কুক হিসাবে অনূন ১০ (দশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা ও দেশী-বিদেশী খাদ্য প্রস্তুতে পারদর্শী হইতে হইবে, তবে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন অথবা আন্তর্জাতিক মানের খাদ্য প্রস্তুতের বিষয়ে সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩২।	অফিস সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।
৩৩।	অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।	বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০০৬ এর বিধান অনুযায়ী।
৩৪।	টেলিফোন অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ পিএবিএক্স টেলিফোন অপারেটিং এ বাস্তব কর্ম অভিজ্ঞতা ও সুকণ্ঠের অধিকারী এবং বিনয়ী হইতে হইবে, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩৫।	বাটলার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ সহকারী বাটলার পদে অনূন ৬ (ছয়) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অনূন ৫ (পাঁচ) বৎসরের কর্ম অভিজ্ঞতা, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
৩৬।	স্টোর কিপার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সহকারী স্টোর কিপার/মার্কেটম্যান পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
৩৭।	সহকারী কেয়ার টেকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ জমাদার/ সহকারী স্টোরকিপার/মার্কেটম্যান পদে অনূন ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে, তবে তফসিল ৩ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

১	২	৩	৪	৫
৩৮।	কুক	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ কুকমেট পদে অন্যন ৮ (আট) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ দেশী ও বিদেশী খাদ্য প্রস্তুতে খ্যাতনামা কোন হোটেল/প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৩৯।	দর্জি	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪০।	বিল কালেকটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ সাইকেল ম্যাসেঞ্জার/মার্কেটম্যান পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪১।	সৈনিক মেডিকেল এ্যাসিস্টেন্ট	---	বাংলাদেশ সশস্ত্র বাহিনীর মেডিকেল কোরের সৈনিক মেডিকেল এ্যাসিস্টেন্ট পদমর্যাদার সদস্যদের মধ্য হতে প্রেষণে নিয়োগের মাধ্যমে।	---
৪২।	গেষ্টেটনার অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ গেষ্টেটনার/ ফটোকপি মেশিন চালনার অভিজ্ঞতাসহ দস্তুরী/জমাদার পদে অন্যন ৩ (তিন) বৎসর অথবা চাপরাশী (এমএলএসএস) পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
				সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ গেস্টেটনার/ফটোকপি মেশিন চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪৩।	ডেসপাচ রাইডার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ মোটর সাইকেল চালনার লাইসেন্সসহ সাইকেল ম্যাসেঞ্জার পদে অনূ্যন ৩ (তিন) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪৪।	সহকারী বাটলার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ আবদার/পেট্রিম্যান/সিলভারম্যান পদে অনূ্যন ৩ (তিন) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ খ্যাতনামা কোন হোটেল/প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসরের কর্ম অভিজ্ঞতা।
৪৫।	ক্ষৌরকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪৬।	সহকারী স্টোর কিপার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ খালাসী পদে অনূ্যন ৩ (তিন) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
				সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অনূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪৭।	মার্কেটম্যান	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : খেদমত-গার/হাউজ লস্কর পদে অনূন ৩(তিন) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অনূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪৮।	দপ্তরী	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ফটোস্ট্যাট মেশিন চালনায় অভিজ্ঞতাসহ চোপদার/চাপরাশী(এমএলএসএস) পদে অনূন ৩(তিন) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অনূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৪৯।	সাইকেল ম্যাসেঞ্জার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : সাইকেল চালনায় পারদর্শিতাসহ চাপরাশী (এমএলএসএস) পদে অনূন ৩ (তিন) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সাইকেল চালনায় পারদর্শী হইতে হইবে।



১	২	৩	৪	৫
৫০।	সিলভারম্যান	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ খালাসী/হাউজ লস্কর/মশালচী পদে অনূন্য ৩(তিন) বৎসরের চাকুরী।  সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ ক্রেকারিজ এবং কাটালারীজ সামগ্রী রক্ষণাবেক্ষণ কাজে পারদর্শী হইতে হইবে।
৫১।	আবদার		পদোন্নতির মাধ্যমে	খেদমতগার/মশালচী পদে অনূন্য ৩(তিন) বৎসরের চাকুরী।
৫২।	পেক্ত্রিম্যান		পদোন্নতির মাধ্যমে	খেদমতগার পদে অনূন্য ৩(তিন) বৎসরের চাকুরী।
৫৩।	জমাদার		পদোন্নতির মাধ্যমে	চোপদার/খালাসী পদে অনূন্য তিন বৎসরের চাকুরী।
৫৪।	মুয়াজ্জিন	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে দাখিল পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ অবশ্যই ক্বারীয়ানা পাশ ও সুললিত কঠোর অধিকারী এবং বিবাহিত ও সুন্নী মুসলমান হইতে হইবে।
৫৫।	চোপদার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।
৫৬।	চাপরাশী (এমএলএসএস)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।
৫৭।	খেদমতগার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অনূন্য ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫
৫৮।	হাউজ লস্কর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।
৫৯।	খালাসী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।
৬০।	কুক মেট	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৬১।	মশালচী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।
৬২।	টেনিস পিকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।
৬৩।	আয়া	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।
৬৪।	হাউজ ক্লিনার (সুইপার)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	অষ্টম শ্রেণী উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে পেশাগত (Professional) ক্লিনারের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হইবে।

## তফসিল-২

সহকারী প্রটোকল অফিসার, কম্পট্রোলার, প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের  
পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাশ নম্বর	সময়
(ক)	লিখিত পরীক্ষা	২০০		
(১)	বাংলা	৭৫		
(২)	ইংরেজী	৭৫	৫০%	৩ ঘন্টা
(৩)	গণিত	২৫		
(৪)	সাধারণ জ্ঞান	২৫		
(খ)	মৌখিক পরীক্ষা	২৫		
সর্বমোট		২২৫		

## ব্যাখ্যা :

- (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।
- (২) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

## তফসিল-৩

ব্যক্তিগত কর্মকর্তা, কম্পিউটার অপারেটর, সাঁট মুদ্রাক্ষরিক, সহকারী হিসাবরক্ষক, ডাটা-এন্ট্রি অপারেটর, ক্যাশিয়ার, কেয়ার টেকার, ফার্মাসিস্ট, স্টুয়ার্ড, টেলিফোন অপারেটর, বাটলার, স্টোর কিপার, সহকারী কেয়ার টেকার, অফিস সহকারী, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।

ক্রমিক নং	পরীক্ষা ও বিষয়ের নাম	মোট নম্বর	সর্বনিম্ন পাশ নম্বর	সময়
(ক)	লিখিত পরীক্ষা	১০০		
(১)	বাংলা	৩০		
(২)	ইংরেজী	৩০	৫০%	৯০ মিনিট
(৩)	গণিত	২০		
(৪)	সাধারণ জ্ঞান	২০		
(খ)	মৌখিক পরীক্ষা	১০		
	সর্বমোট	১১০		

## ব্যাখ্যা :

- (১) লিখিত পরীক্ষায় এবং এ তফসিল ৪ এ বর্ণিত সাঁটলিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপলিটিউড টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।
- (২) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

তফসিল-৪অংশ 'ক'

ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁট-লিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি।

পদের নাম	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজী পরীক্ষায় মোট নম্বর	বাংলা পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয় সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজী পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
সাঁট-লিপি								
ব্যক্তিগত কর্মকর্তা	৮০ শব্দ	৫০ শব্দ	১০০	১০০	৪০%	৫০%	৫ মিনিট	৫ মিনিট
সাঁট-মুদ্রাক্ষরিক	৭০ শব্দ	৪৫ শব্দ	১০০	১০০	৪০%	৫০%	৫ মিনিট	৫ মিনিট
মুদ্রাক্ষর								
ব্যক্তিগত কর্মকর্তা	৩৫ শব্দ	৩০ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট
সাঁট-মুদ্রাক্ষরিক	৩০ শব্দ	২৫ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

অংশ 'খ'

পদের নাম	সাঁট-লিপি		মুদ্রাক্ষর	
	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)
ব্যক্তিগত কর্মকর্তা	১০০ শব্দ	৭০ শব্দ	৪০ শব্দ	৩৫ শব্দ
সাঁট-মুদ্রাক্ষরিক	৮০ শব্দ	৫০ শব্দ	৩৫ শব্দ	৩০ শব্দ

## ব্যাখ্যা :

- (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।
- (২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।
- (৩) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি শ্লোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।
- (৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।
- (৫) ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক পদে সিলেকশন হোড প্রাপ্তির জন্য অংশ-খ প্রযোজ্য হইবে।

## তফসিল-৫

অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি।

পদের নাম	ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে)	ইংরেজী মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	বাংলা মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজী পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
অফিস সহকারী- কাম-মুদ্রাক্ষরিক	৩০ শব্দ	২৫ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

ব্যাখ্যা :

- (১) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি শ্লোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।
- (২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।
- (৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবুল কালাম মোহাম্মদ হুমায়ুন কবির

মেজর জেনারেল

রাষ্ট্রপতির সামরিক সচিব।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)